

রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - দৈনন্দিন যিকর ওযীফা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

প্রথম পর্বঃ সকালের যিকর-ওযীফা - ৭. ইকামতের জবাব

ইকামতকেও হাদীস শরীফে ‘আযান’ বলা হয়েছে। এজন্য মুয়াযযিনকে ইকামত দিতে শুনলে আযানের মতো জবাব দেওয়া উচিত। মুয়াযযিন যা বলবেন, তাই বলতে হবে। “হাইয়া আলা ... “-এর সময় “লা হাওলা ... “ বলতে হবে। উপরের হাদীসগুলির আলোকে “কাদ কামাতিস সালাহ” বাক্যদ্বয়ও মুয়াযযিনের অনুরূপ বলা প্রয়োজন। একটি দুর্বল সনদের হাদীসে বর্ণিত হয়েছে যে, রাসূলুল্লাহ (সা.) একবার মুয়াযযিনের “কাদ কামাতিস সালাহ” বলতে শুনে বলেছিলেনঃ

أقامها الله وأدامها

“আল্লাহ একে (সালাতকে) প্রতিষ্ঠিত করুন এবং স্থায়ী করুন।” বাকি জবাব আযানের জবাবের নিয়মে প্রদান করেন।[1]

ফুটনোট

[1] সুনানু আবী দাউদ ১/১৪৫, নং ৫২৮, ইবনু হাজার, ফাতহুল বারী ২/৯২-৯৩, তালখীসুল হাবীর ১/২১১।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=8798>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন